

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

ফোন : ৯৩৪৫৯৪২ পিএবিএক্সঃ ৪৮৩১২৭৫৭, ৪৮৩১৭৩২৮

E-mail : dcaa.2009@gmail.com, Website : www,dcaadhaka.org.

প্রচারপত্র নং-১৫/২০১৯

তারিখ ২৫-০৭-২০১৯ইং

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বর্তমান আধুনিক তথ্য প্রযুক্তির এ যুগে বাংলাদেশের সিএন্ডএফ এজেন্ট ব্যবসার প্রক্রিয়াগত দীর্ঘসূত্রীতা দূরীকরণের লক্ষ্যে কম্পিউটারাইজড কর্মপ্রক্রিয়ার মাধ্যমে সকল কর্মকান্ড সম্পাদিত হচ্ছে। সম্মানিত সদস্যবৃন্দের দাখিলকৃত বিল অব এন্ট্রি পূরণ করতে এসোসিয়েশনের তত্ত্বাবধানে পরিচালিত এ্যাসাইকুডা ওয়ার্ল্ড হেল্পডেস্ক সার্বিক সহায়তা প্রদান করে যাচ্ছে। ইতোমধ্যে এসোসিয়েশনের হেল্পডেস্ক থেকে ডাটা এন্ট্রির বিপরীতে On-line মানি রিসিট ইস্যু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ পদ্ধতিতে এসোসিয়েশনের তত্ত্বাবধানে সম্মানিত সদস্যবৃন্দ কর্তৃক দাখিলকৃত বি/ই এর তথ্য সরবরাহ ও নিরীক্ষণের জন্য সংরক্ষণ করা সম্ভব হবে। ফলে এসোসিয়েশনের আয় যেমন বৃদ্ধি পাবে, তেমনভাবে জালিয়াতি রোধকরণ অনেক ক্ষেত্রে সম্ভবপর হবে।

আপনারা জানেন যে, বর্তমান কার্যকরী পরিষদ সম্মানিত সদস্যদের কর্মক্ষেত্রে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করে এসোসিয়েশনের রাজস্ব আয় বৃদ্ধি করতঃ সদস্যদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। আমরা গভীরভাবে লক্ষ্য করছি যে, কিছু অসাধু চক্র জাল-জালিয়াতির মাধ্যমে সাধারণ সিএন্ডএফ এজেন্টদের বি/ই ব্যবহার করে শুষ্ক ফাঁকি দিয়ে পণ্য খালাস করায় তারা নানাভাবে হয়রানির স্বীকার হচ্ছেন এবং ব্যবসায়িক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ ধরনের হয়রানি থেকে কিছুটা হলেও পরিত্রাণ দিতে এসোসিয়েশনের এ্যাসাইকুডা ওয়ার্ল্ড হেল্পডেস্কে বিল অব এন্ট্রি দাখিলের সাথে সাথে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট তথা সম্মানিত সদস্যবৃন্দ তাৎক্ষণিকভাবে এস.এম.এস এবং ই-মেইলের মাধ্যমে অবগত হবেন। এবং দাখিলকৃত সন্দেহভাজন বি/ই এর বিপরীতে আইনী পদক্ষেপ গ্রহণ করতে পারবেন বলে আমরা আশা করছি। এ ধরনের তথ্য পাওয়ার সুবিধার্থে প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে নিম্নে বর্ণিত ছক মোতাবেক তথ্যাদি ৩/সি নিউ বেইলী রোডস্থ প্রধান কার্যালয়ে অথবা জনাব খলিফা শহিদুল ইসলাম -উপ-সচিব, কাস্টমস্ হাউস, ২য় তলায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

| | | |
|----|------------------------------------|------|
| ০১ | প্রতিষ্ঠানের নাম | |
| ০২ | প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারীর নাম | |
| ০৩ | ই-মেইল আইডি | |
| ০৪ | মোবাইল নম্বর (যেকোন ১টি) | |
| ০৫ | AIN (এয়ার) | ১০১- |
| ০৪ | লাইসেন্স নাম্বার (এয়ার) | |

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

(মোঃ ফারুক আলম)

সাধারণ সম্পাদক